

**চট্টগ্রাম ভার্টিটির ভিসির
সহিত চাকসু নেতৃবৃন্দের
আলোচনা**

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম বিশ্ব-
বিদ্যালয়ের অচলাবস্থা নিরসনের
লক্ষ্যে নবনিযুক্ত ভিসি অধ্যাপক
রফিকুল ইসলাম চৌধুরী 'চাকসু'
নেতৃবৃন্দের সহিত এক অনাট্টনিক
(১০ম পৃঃ ৩-এর কঃ প্রঃ)

চট্টগ্রাম ভার্টিটি

(১ম পৃঃ পর.)

বৈঠকে মিলিত হন। ভিসি হিসাবে
চাকসু নেতৃবৃন্দের সহিত তাহার
এই প্রথম বৈঠক। ভিসির
শহরস্থ বার্ডভবনে বিকাল ৫টা
হইতে ৮টা পর্যন্ত বৈঠক
চলে। বৈঠকে প্রক্টর অধ্যাপক
আবুল কাশেম চৌধুরী, চাকসু ভিপি
নাঈমউদ্দিন সমাজ সেবা সম্পাদক
ছালাহউদ্দিন মোঃ রেজা, বাষিকী
সম্পাদক সাদীক বড়ুয়াসহ চাকসুর
অন্যান্য কর্মকর্তা উপস্থিত
ছিলেন। প্রক্টর সূত্রে জানা যায়,
বৈঠকে ভিসি ছাত্রদের বৃহত্তর
স্বার্থে সকল ছাত্র সংগঠনকে সহন-
শীল মনোভাব লইয়া আগাইয়া
আসার আহ্বান জানান, তিনি
বলেন, বিশ্ববিদ্যালয় নিয়মানুযায়ী
চলিবে। ভিসি ইতিমধ্যে গৃহীত
বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ
করেন। দীর্ঘক্ষণ এই বৈঠকে
চাকসু নেতৃবৃন্দ ভিসি কর্তৃক
উত্থাপিত সর্বমহলের তথা, চাকসু,
ছাত্রসংগঠন নেতৃবৃন্দ, পুলিশ ও
জেলা প্রশাসনের উপস্থিতিতে
বৈঠকের ব্যাপারে সম্মতি প্রকাশ
করেন। চাকসু নেতৃবৃন্দ বিশ্ব-
বিদ্যালয়ের ক্লাসসমূহ চালু করার
প্রাথমিক পদক্ষেপ হিসাবে ছাত্র-
দের হস্তসমূহ আপততঃ বন্ধ
রাখার দাবী জানান। প্রক্টর সূত্রে
জানা যায়, আলোচনা কলপ্রসূ
হইয়াছে।

অপরদিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
সর্বদলীয় ছাত্র ঐক্য কর্তৃক আহত
ছাত্র ধর্মঘট ২৯ তম দিনের মত
অব্যাহত রহিয়াছে। এদিকে সাধা-
রণ ছাত্র-ছাত্রীর ব্যানারে একদল
ছাত্র চট্টগ্রাম প্রেস ক্লাবের সম্মুখে
বিশ্ববিদ্যালয়ে ক্লাস চালুর দাবীতে
১০-৩টা প্রতীক অনশন পালন
করিয়াছে।

২৯

০২